

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্বাক্ষর

০৫/১৪/১৪

তারিখ: ১৬ জানুয়ারি, ২০১৮

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৬.৪৯.০৯৪.১৭-৩৭

বিষয়ঃ যুব সংগঠন নিবন্ধন সংক্রান্ত স্মৃতি।

সূত্র নং: ৩৪.০৫১.০২২.০১.০০.৫১(অংশ)২০১১-০১ তারিখ: ০৩ জানুয়ারি, ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ এবং যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০১৭ এর আলোকে ইতোমধ্যে যুব সংগঠন নিবন্ধন/স্বীকৃতি প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। নিবন্ধন/স্বীকৃতি প্রদান সংক্রান্ত প্রতিমাসের প্রতিবেদন পরবর্তি মাসের ১০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। এ কার্যক্রম বিষয়ে অস্পষ্টতা দূরীকরণ ও গুরুত্ব প্রদানের লক্ষ্যে গত ১৯ ডিসেম্বর, ২০১৭ তারিখে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে প্রধান কার্যালয়ে একটি কর্মশালাও অনুষ্ঠিত হয়েছে। তথাপি মাঠ পর্যায় হতে প্রতিবেদন যথাসময়ে ও নিয়মিতভাবে পাওয়া যাচ্ছে না; ফলে মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী তথ্য যথাসময়ে প্রদান করা সম্ভব হয় না। সার্বিক বিষয়টি পর্যালোচনায় মাঠ পর্যায়ের কর্মকর্তাদের দায়িত্ব পালনে বেশ গাফিলতি পরিলক্ষিত হয় যা মোটেই কাম্য নয়।

০২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকল জেলার উপ-পরিচালকদের ইতোপূর্বে প্রেরিত ছক অনুযায়ী মাসিক প্রতিবেদন এবং মন্ত্রণালয়ের সূত্রোক্ত পত্রের আলোকে নিয়োক্ত ছকে এ যাবত নিবন্ধনকৃত/স্বীকৃতি প্রাপ্ত যুবসংগঠনের সমন্বিত তথ্য কোন ব্যর্থতা ছাড়াই ২৫ জানুয়ারি, ২০১৮ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিতের জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।

০২। উল্লেখ্য এতদসংক্রান্ত একটি ডাটাবেইস/তথ্য ভান্ডার প্রস্তুতের জন্য বাস্তবায়ন, মনিটরিং ও যুবসংগঠন শাখার ই-মেইল dvd.imyouth@gmail.com এ সফট কপি (ইউনিকোডে) প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

জেলার নাম	উপজেলার নাম	নিবন্ধনকৃত সংগঠনের নাম	নিবন্ধন নং ও তারিখ	স্বীকৃতিপ্রাপ্ত সংগঠনের নাম	স্বীকৃতি নং ও তারিখ	সরকারি কোষাগারে মোট জমাকৃত টাকার পরিমাণ	সভাপতি/সম্পাদকের নাম ও মোবাইল নং	মন্তব্য

সংযুক্তঃ মন্ত্রণালয়ের পত্র-২ (দুই) পাতা

(মোঃ আনোয়ার হোসেন)

মহাপরিচালক

ফোন: ০২-৯৫৫৯৩৮৯।

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

..... জেলা।